# Bachelor of Arts Examination, 2024

(2nd Year, 4th Semester)

# COMPARATIVE LITERATURE

## Course: UG/CL/Core/4.3A

## [ সাহিত্যিক প্রতিগ্রহণ ও বাংলা সাহিত্য-২ ]

Time : Two Hours Full Marks : 30

প্রশ্নগুলি সমমানের।

কেবলমাত্র বাংলা অথবা ইংরেজি ভাষায় সকল প্রশ্নের উত্তর লেখ।

১। ক) কালিদাস এবং শেকসপিয়রের প্রতিতুলনায় বঙ্কিমচন্দ্র এবং রবীন্দ্রনাথ দুই ভিন্ন অবস্থান। ব্যাখ্যা করো।

**অথবা**

খ) বীরগাথার আলোকে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের *দুর্গেশনন্দিনী* এবং রবীন্দ্রনাথ ঠাকুরের *রীতিমত নভেল* রচনা দুটির স্বরূপ বিশ্লেষণ করো।

২। ক) দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার তাঁর *ঠাকুরমার ঝুলি* সংকলনটিতে লোকগাথা দিয়ে রূপকথার যে জগৎকে তুলে আনলেন, তা কি নেহাতই শিশু মনোরঞ্জনের অভিপ্রায়ে? না কি আর একটু তলিয়ে দেখলে এই অভিপ্রায়ের পেছনে আরো গভীর, গূঢ় কোনো তাৎপর্যকে আমরা খুঁজে পেতে পারি? তোমার মতামত জানাও।

**অথবা**

খ) *ময়মনসিংহ গীতিকা*'র 'মহুয়া' পালায় জাতি-ধর্মের উর্ধ্বে গিয়ে যেভাবে প্রেমের জয়গান ধ্বনিত হয়েছে, তা অধিকাংশ ক্ষেত্রে





প্রচলিত সমাজে ধর্মের বিরোধী। লোকধর্মে সেই প্রচলিত আদর্শ ও সমাজবোধের সীমাবদ্ধতাকে গীতিকাররা যে ভাবে তুলে এনেছেন তাদের গানে ও নানা ঘটনার মধ্যে দিয়ে, তাকে তুমি কীভাবে ব্যাখ্যা করতে চাইবে? ''মহুয়া পালা'' অবলম্বনে তোমার মতামত ব্যক্ত করো।

৩। ক) *পদুমাবত* কাব্যের প্রকরণে সুফি তত্ত্বের প্রকাশ অনেক স্পষ্ট। কিন্তু *পদ্মাবতী* কাব্যে মূল আখ্যান থেকে সরণ যেমন লক্ষ করা যায়, তেমনই অন্যান্য নতুন উপাদান যোগ হতে দেখা যায়। এর দুটি বিষয় আলোচনা করে মালিক মুহম্মদ জয়সী ও আলাওলের অবস্থান ও কাব্য প্রণয়নের উদ্দেশ্য নিয়ে আলোচনা কর।

**অথবা**

খ) কারবালার যুদ্ধ নিয়ে রচিত *বিষাদসিন্ধু*-তে মীর মোশাররফ হোসেন ইসলামের ইতিহাসের যে পুনর্লিখন করেন, তার ভাষিক, সাহিত্যিক ও ধর্মীয় গুরুত্ব আলোচনা কর।